



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১১ নভেম্বর, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১১ নভেম্বর, ২০১৮ তারিখ সকাল ৯.০০টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ একডেমিক বিল্ডিং A তে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম শুভ উদ্বোধন করেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

সংক্ষিপ্ত বক্তব্যে মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ভর্তিচ্ছু শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, বাংলাদেশের অন্যতম সেরা বিশ্ববিদ্যালয়ে তোমাদের স্বাগতম। শিক্ষার গুণগত মানের ধারাবাহিকতা রক্ষার সাথে সাথে সেশনজট মুক্ত শিক্ষা জীবন গড়তে বর্তমান প্রশাসন বদ্ধ পরিকর।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. ইলিয়াস উদ্দিন বিশ্বাস, সোশ্যাল সায়েন্সেস ফেকাল্টির ডিন প্রফেসর ড. মো. আবদুল গনি, এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেস এর ডিন ড. মোহাম্মদ বেলাল উদ্দিন, ভর্তি কমিটির সভাপতি প্রফেসর ড. শামসুল হক প্রধান, ভর্তি কমিটির সদস্য সচিব প্রফেসর জহির উদ্দিন আহমেদ, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন সহ ভর্তি কমিটির সকল সদস্য বৃন্দ।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার